নিরন্তর-নিবিড়, ঘন, অনবরত; অবিচ্ছেদ; সর্ব্বদা।
নির্ব্বাসন-দূরীকরণ; নগরাদিহইতে বাহির করণ।
নীর-জল; সলিল; পয়।
নিকারণ-মারণ; বধ করণ।
ন্যুব্জ-বক্র; কুব্জ; অধোমুখ।

নরান্তক-রাক্ষস; কৌনপ; যম।
নিষ্ঠুর-পুরুষ; কঠোর; নির্দ্দয়; ক্রূর।
নিষ্কাশন-দূরীকরণ, তাড়ন; বহিষ্করণ।
নেহারণ-দর্শন; অবলোকন, দেখন।
নগ্ন-নেংট; বিবস্ত্র; দিগম্বর।
নিত্য-স্থির; নিশ্চিত, সনাতন।
নিঃশেষ-সম্পূর্ণ, সমাপ্ত, শেষরহিত
নিশাপাল চৌকিদার; প্রহরী।
নিবাস-গৃহ; বসতি স্থান।
নিঃশঙ্ক-নির্ভয়; নিরাপদ।
নির্ব্বাসন-দূরীকরণ, নগরাদি হইতে বাহির করা।
নিস্তারক-ত্রাণকর্ত্তা; উদ্ধারকর্ত্তা।
নাথ-স্বামী; প্রভু; প্রতিপালক।
নরমেধ-যে যজ্ঞে মনুষ্য বধ করিয়া আহুতি দেয়।
নীরনিধি-সমুদ্র; সাগর; জলধি।
নিরস্ত-ক্ষান্ত; নিবৃত্ত; নিরাকৃত।

নামাঙ্কিত-নামচিহ্নিত ; নাম খোদিত।

নরকীলক গুরুহত্যাকারী ; গুরুঘ্ন।

নরেশ্বর-দেশাধিপতি ;

নিস্তুল-অসম ; অসদৃশ ; অতুল ; তুলনারহিত।

নিঝুম-নির্ব্বাত ; নিঃশব্দ।

নিম্ন-অধঃ ; নীচ ; নাবাল ; গম্ভীর।

নিস্বন-শব্দ ; ধ্বনি ; নিনাদ।

নাচিকেতু অগ্নি ; অনল ; বহ্নি।

নিরাশ-আশা শূন্য ; হতাশ।

নেত্রাম্বু-অশ্রু ; চক্ষুর জল।

নিষ্প্রভ-প্রভাহীন ; দীপ্তি রহিত।

নিগ্রহ-তাড়না ; প্রহার ; ক্লেশ।

নমস-প্রণাম ; নতি।

নগ্নক-প্রতিভূ ; জামিন।

নভঃ-আকাশ ; গগন ; শ্রাবণমাস।

নমস্য-পূজ্য ; নমস্কারের যোগ্য।

নির্ম্মল-মলরহিত ; স্বচ্ছ ; শুদ্ধ।

নৃপতি-রাজা ; ভূপতি।

নৃপবর-শ্রেষ্ঠরাজা ; রাজাধিরাজ।

নির্ভর-অতিশয় ; অবলম্বন ; ভরসা।

নয়ন-চক্ষু ; নেত্র ; অক্ষি ; প্রাপ্তি।

নলকাল-জানু ; জঙ্ঘা ; হাঁটু।

নিখুঁত-নির্দ্দোষ ; দোষহীন।

নির্ণয়-নিশ্চয় ; অবধারণ।

নৈকট্য-নিকটভাব ; সামীপ্য।

নির্ব্বাণ-অস্তগমন ; অন্তর্দ্ধান ; মোক্ষ

নিধন-ধ্বংস ; নাশ ; অদর্শন।

নিরুপায়-উপায়হীন ; আশ্রয়হীন।

নিখিল-সমস্ত ; সমগ্র, সকল।

নিরাহার-অভোজন ; অনশন।

নক্ত-রাত্রি ; নিশা ; রজনী ; যামিনী

নিরস-রসহীন ; রসাভাব ; শুষ্ক।

নভোমণি-সূর্য্য ; ভানু ; দিবাকর।

প-রাজপুত্র ; সাম্রা। পকার-পবন ; পত্র।

পয়োধর-মেঘ ; স্তন। পরম-উৎকৃষ্ট, প্রধান, আদ্য, শ্রেষ্ঠ

পুরাতন-ইতিহাস, প্রাচীন বৃত্তান্ত। পুন্য-শুভাদৃষ্ট, ধর্ম, সুকৃতি।

পণ্ড-ক্লীব, নপুংসক, নিরর্থক।

পর্যটন-সর্ব্বতোভাবে ভ্রমণ। প্রাজ্ঞ-পণ্ডিত, নিপুণ, দক্ষ।

পূর্ব্বাপর-অগ্রপশ্চাৎ।

পর্য্যেষণা-গবেষণা ; অন্বেষণ, অনুসন্ধান।

প্রতিমা-প্রতিমূর্ত্তি, প্রতিকৃতি, প্রতিবিম্ব, প্রতিচ্ছায়া;

পূজারি-দেবলব্রাহ্মণ, পূজাজীবী। প্রণিপাত-প্রণাম; প্রণতি, নমস্কার।

প্রদক্ষিণ-চতুর্দ্দিকে ভ্রমণ, দক্ষিণ-বর্ত্তে, দেবতার উদ্দেশে ভ্রমণ।

পটল-গ্রন্থ, পরিচ্ছেদ, ছাদ, বৃক্ষ। পুরাণ-ব্যাসাদি মুনি প্রণিত গ্রন্থ বিশেষ, প্রাচীন।

প্রায়শ্চিত্ত-পাপক্ষয়, মন্ত্রসাধন কর্ম্ম, পাপনাশন কার্য্য।

পচিত-সূর্য্য, অগ্নি,ইন্দ্র। পূষা-সূর্য্য, রবি, ভাস্কর।

পাদ্যার্ঘ-পাদপ্রক্ষালনার্থ জল ও পূজার দ্রব্য।

পাদোদক-চরণামৃত, পদ ধৌত জল। পানীয়-পানের দ্রব্য, দ্রাক্ষারস।

পূজা অর্চ্চনা, যজন, উপাসন।

পদাব্জ-চরণধুলা। পূজিল দেবতা, পূজ্য, মান্য।

পূত-পবিত্র, শুদ্ধ, শস্য, পঞ্চত্ব মৃত্যু, মরণ, পাঁচের ধর্ম্ম।

পুদ্গল-আত্মা, দেহ, শরীর, সুন্দরাকার। প্রপঞ্চ বিপর্য্যাস, ভ্রম, বিস্তার, জগৎ, সংসার।

পতন-পতিত হওন, পাত, পড়ন।

প্রকীর্ত্তন-প্রস্তাবন, বর্ণন কথন।

পল্লবী বৃক্ষ, দ্রুম, তরু।

পালক-রক্ষক, পোষক, শাসন কর্ত্তা।

পদ্মপাণি সূর্য্য, ব্রহ্মা, পদ্মহস্ত।

পতি-প্রভু, স্বামী, নায়ক, অধিপতি।

প্রসবন-উৎপাদন, জন্মান।

প্রোক্ত-কথিত, প্রকর্ষে, উক্ত।

প্রভা-দীপ্তি, আলোক, প্রকাশ।

পয়োধি-সাগর, সমুদ্র, বারিনিধি।

পতঙ্গ-সূর্য্য, ফড়িঙ্গ, পক্ষী, পারদ চন্দন।

পর্ব্বধি-চন্দ্র, বিধু, শশাঙ্ক।

পুং-পুংলিঙ্গ, পুরুষ বাচক, নর।

পেশল-চারু, মনোহর, সুন্দর, নিপুন, ধূর্ত্ত, দক্ষ।

পত্নী-বিবাহিতা স্ত্রী, ভার্য্যা, দারা।

পরাৎপর-শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ, ঈশ্বর।

পুত্রী-কন্যা, দুহিতা, পুত্রবান।

প্রসাদ-প্রসন্নতা অনুগ্রহ, নৈর্ম্মল্য।

প্রমাদ-অনবধানতা, ভ্রম।

প্রজ্ঞপ্তি-সঙ্কেত, জ্ঞাত করণ।

প্রাশন-ভোজন, প্রকৃষ্ট।

প্রতারণা-প্রবঞ্চনা, মিথ্যা ছলনা।

পূতাত্মা-পবিত্র স্বভাব, শুদ্ধ দেহ, নিষ্পাপ শরীর।

পাদপ-বৃক্ষ, তরু, দ্রুম, গাছ।

প্রফুল্ল-বিকসিত, উৎফুল্ল, বিকাস যুক্ত।

প্রকৃতি-স্ত্রী, শক্তি স্বভাব, ধর্ম্ম।

প্রাণান্ত-প্রাণাবসান, প্রাণ শেষ, মরণ।

প্রবঞ্চক-প্রতারক, শঠ।

প্রীত-প্রীতিযুক্ত, প্রমুদিত।

প্রীণ-পুরাতন, প্রীত, সন্তুষ্ট।

প্রয়াস প্রযত্ন, শ্রম, ক্লেশ, আয়াস।
পুলকিত-হর্ষিত, আহ্লাদিত।
প্রসূ মাতা, ঘোটকী।
পূর্ণ-পূরিত, ভরা, সাঙ্গ।
পর্য্যুদস্ত-একেবারে নিষিদ্ধ।
প্রসূত-প্রসবকরা, উৎপন্ন।
প্রসূতিজ দুঃখ, ক্লেশ, যাতনা।
পন্নগ-সর্প, উরগ, অহি।
পৃদাকু-ভুজঙ্গ, বৃশ্চিক,
প্রতিশ্রব-অঙ্গীকার, প্রতিজ্ঞা।
প্রাণস্থল-অন্তর,বক্ষস্থল।
প্রত্যক পশ্চিম দিক, পশ্চিমদেশ।
প্রৈষ্য-দাস, ভৃত্য, প্রেরণীয়।
প্রত্যক্ষ-স্পষ্ট, সাক্ষাৎকার।
প্রত্যাদেশ-দৈববাণী, নিরাকরণ।
পর্ষৎ-পরিষদ, সভা, সমাজ।
প্রদর্শন-ঈক্ষণ, দেখন, প্রকাশন।
পতিতপাবন-পতিতেরপবিত্রকারী।
প্রমুদিত-হৃষ্ট, আহ্লাদিত, আনন্দিত।
পদান-স্তব করণ, সংকীর্ত্তন।
প্রতিম-তুল্য, সদৃশ, সমান।
প্রগ্রীব-অশ্বশালা, গবাক্ষদ্বার।
পল-অত্যল্পকাল, তৃণ, মাংস।
পচত-সূর্য্য, অগ্নি, ইন্দ্র।
পরিধাবন পশ্চাতে দ্রুত গমন, চিন্তন, বিবেচন।
পপি-চন্দ্র, নিশাকর।
পদ্মবন্ধু সূর্য্য, দিবাকর; ভ্রমর।
প্রাঞ্জল-সোজা, সরল, ঋজু।
প্রবোদ্ধা-পরিজ্ঞাপক, বোধ দাতা।
প্রচ্ছনা-আমন্ত্রণ, নিমন্ত্রণ।
প্রভূত-প্রচুর, যথেষ্ট, উন্নত।
প্রাসাদ-গৃহ, অট্টালিকা; রাজগৃহ, বড়গৃহ।
প্রবীণ নিপুণ, অভিজ্ঞ, বিজ্ঞ, বোদ্ধা কৃতীকুশল।

পরিণয়-বিবাহ দার-পরিগ্রহ।

পারিষদ-সভাস্থ, সভাসদ, সভ্য।

পাশ-রজ্জু, গুণ, সূত্র, দড়ী।

প্রাণাকর-জীবনাকর, বলাকর।

পর্য্যটন সর্ব্বতোভাবে ভ্রমণ।

পরমার্থ-উৎকৃষ্ট, বস্তু, যথার্থ, তত্ত্ববিষয়।

প্রতিনিধি-মুখোর, সদৃশ, তৎস্বরূপ বদলি

প্রচ্ছাদন-উত্তরীয়বস্ত্র, প্রাবার, আচ্ছাদন,

পরি-সর্ব্বতোভাবে শেষ, উপসর্গবিশেষ।

প্রেরিত-প্রেষিত, নিয়োজিত।

পয়ান-গতি, প্রস্থান।

পরিজ্ঞান-নিশ্চয় বোধ, সর্ব্বতোভাবে অবগত।

প্রবোধ কর্ত্তা,-চেতন কর্ত্তা, ধর্ম্মাত্মা।

পানীয়-পানযোগ্য, পেয়।

পয়ঃ-জল, ক্ষীর, দুগ্ধ।

পাথিস-সমুদ্র, চক্ষু, জল।

পর্য্যবসান-প্রাপ্তি, শেষ, পরিণাম।

পশ্য-দেখ, প্রশংসা, বিস্ময়।

পৃথুল-মহৎ, বড়, বিস্তৃত।

পদব্রজ-পদ দ্বারা গমন, পায়েচলন

পল্লি-পাড়া, ক্ষুদ্রগ্রাম, কুঠী।

প্রতিশ্রব-অঙ্গিকার, স্বীকার।

পর্ব্ব-উৎসব, আনন্দ, গাঁইট।

পিতর-প্রস্তর, যেশুর শিষ্যসংসাধারী

পিতৃকানন-শ্মশান, সমাধি, কবর।

প্রতিশীর্ষ-প্রতিনিধি, বদলি, যামীন

পিনাক-শূল, ত্রিশূলের ন্যায় ক্রুশ।

প্রবুদ্ধ-পণ্ডিত, প্রফুল্ল, চৈতন্য-প্রাপ্ত; জাগ্রত।

প্রাদুর্ভাব-মহিমা, প্রকাশ।

প্রসহ্য-হটাৎঅকস্মাৎ, বলপূর্ব্বক।

প্রবোধ-প্রকৃষ্ট জ্ঞান, চৈতন্য, বিনিদ্রত্ব,।

প্রত্যাবলোকন-পুনর্ব্বার দর্শন।

প্রতিক্ষণ-পৌনঃ পুন্য বারবার ক্ষণে ক্ষণে।

প্রত্যয়-বিশ্বাস, নিশ্চয় জ্ঞান।
প্রত্যাগমন-ফিরিয়া আসা, পুনরাগমন।
পাদবন্দন-চরণ সেবন, পদে প্রণতি করণ।
পদাঙ্ক-পদচিহ্ন, পায়ের দাগ।
প্রক্ষালন-ধাবন, ধৌতকরণ, মার্জ্জন
ফনধর-সর্প, ভুজঙ্গ, অহি।
ফটস্ফীত-অহির মস্তক তোলন।

ফটা-ফণা, দম্ভ কিতব। ফুল্লি-বিকাশ, প্রকাশ, স্ফুটন।
ফলিত-ফলজাত বৃক্ষ, ফল বিশিষ্ট।
ফাঁড়া-রিষ্টি, আপদ, বিভ্রাট।
ফুল্ল-বিকশিত, পুষ্প, ফুল।
ফাল-হলোপকরণ; লাঙ্গলস্থ ভুমি।
ফিতি-পাপ, নিষ্ফল, বাক্য; কোপ।
ফন্দি-ছল, ছুতা, প্রতারণা।
ফাঁদ-ফাঁশ, পাশ, জাল।
ফেরব-শৃগাল, রাক্ষস, হিংস্রক।
ফলদ-ফলদাতা, অভীষ্টপ্রদ, সফল
ফুষি-নির্ধন দরিদ্র, নিস্ব, তুচ্ছ।
ফর-ঢাল, ফলক, তক্তা।
ফলভুমি কর্ম্মফল ভোগ স্থান।
ফলগ্রাহক-ফলগ্রাহক; ঈশ্বর।
ফলশ্রুতি কর্ম্মফল; শ্রবণ, ফল প্রশংসা।
ফলমুখ-শস্য, সংগ্রহকাল, ফল পাড়িবার সময়।

ব-বাহু; বরুণ; জলাধিপতি।
বকার-জলপাত্র, বায়ু, বদন-মুখ, আস্য, আনন, কথন।
বপুঃ-শরীর, প্রশস্ত আকৃতি।
বেপন-কম্পন, কাপন, নড়ন।
বর্ব্বর-পামর, নীচজাতি, মুর্খ, অজ্ঞ

বৃধমান-মনুষ্য, মানব মনুজ।
বপিল-তাত, জনক, পিতা, বাপ।
বায়ুকেতু ধুলি, ধুলা, পাংশু।
বিপিন-বন, কানন, অটবী, অরণ্য।
ব্রজ-পন্থা, গোষ্ঠ।
বিরিঞ্চন সৃষ্টিকর্ত্তা, বিধাতা, ব্রহ্মা।
বিভ্রৎ-ভরণপোষণ-কর্ত্তা, ধারণকারী
বিমল-নির্ম্মল, স্বচ্ছ, পরিষ্কার চারু।
বিশ্রাম-বিরাম, শ্রম শান্তি।
বিভা-প্রভা, কিরণ, প্রকাশ, শোভা, বিবাহ।
বিনীতাত্মা-নম্রমনা, শিষ্ট, সাধু।
বর্জ্জন-ত্যাগ, ছাড়ন, পরিহার।
বীজপুরুষ-আদিপুরুষ বংশের মূলব্যক্তি।

বিনীয়তে-পাপেতে, কলুষেতে, অধর্ম্মেতে।
বাসুকি-সর্পেররাজা, অনন্ত, ফণিরাজ
বসুধা-ধরণী, পৃথিবী, পৃথ্বী।
বনান-নির্ম্মান, গঠন, রচন।
বনিতা, ভার্য্যা, স্ত্রী মাত্র।
বল্গু-সুন্দর, সুশ্রী, মনোহর।
বিচিত্র-আশ্চর্য্য, বিস্ময়, চমৎকার।
ব্রজ্যা-পর্য্যটন, ভ্রমণ, বর্গ, সমূহ।
বিশ্বস্রষ্টা-সৃষ্টিকর্ত্তা, ঈশ্বর,
বিহ্বল-ব্যাকুল, ভয়াদি হেতুক।
বদান্য-দাতা, দানশীল, মুক্ত হস্ত।
বিভু-প্রভু, শঙ্কর, ব্রহ্মা, বিষ্ণু।
বিলোকন-অবলোকন, নিরীক্ষণ, দর্শন, দেখন।
বিরাম-নিবৃত্তি, বিরতি অবসান, শেষঃ বিশ্রাম, ক্ষান্তি।
বিধি-ব্যবস্থা কাল, বিধিবাক্য, বিধাতা।
বাসুরোষা-রাত্রি, নিশা, রজনী।
বাগ্‌দত্তা-বাক্য দ্বারা সম্বন্ধস্থির, বাগ্‌দান।
বিনিময়-বদল, পরিবর্ত্ত, পরিদান।

বিপণ-শত্রু, রিপু, অরি, বিপক্ষ।

বধয়-মার, প্রাণহত্যা, হননকর।

বিপুল-বৃহৎ, প্রকাণ্ড,

বিকীর্ণ-নিক্ষিপ্ত, ছড়ান।

বল্লি-পৃথিবী, লতা।

বয়ান-ব্যাখ্যা, অর্থ, মুখ।

বিলোচন-চক্ষু নয়ন, নেত্র।

বিভাকর-সূর্য্য, রবি, দিবাকর, মার্ত্তণ্ড,

বিশ্ব-সমুদায়, ব্রহ্মাণ্ড, জগৎ

বনদ-মেঘ, বারিদ, বনদাতা।

বচল্-শত্রু, অরি, রিপু দোষ।

বোধ-জ্ঞান, বুদ্ধি, অনুমান।

বপুঃস্রব-শরীরস্থ রস-ধাতু, রক্ত।

বিষধর-সর্প, ভুজঙ্গ, সাপ।

বিগম-নাশ, অপগম, অন্তর্ধান।

বাগ্দণ্ড-বাক্য দ্বারা ভর্ৎসনা, তাড়না।

ব্রত-শ্রুতপুন্য কর্ম্মার্থে উপবাস, ইত্যাদি কর্ম্ম।

বল্কিল-কণ্টক, কাঁটা।

বাসিষ্ট-রক্ত, রুধির, শোণিত।

বিগলিত-স্খলিত, পতিত, ক্ষরিত।

বাগ্দত্ত-বাক্য দ্বারা দান।

বোধন-বিজ্ঞাপন, জানান।

ব্যাপন্ন-মৃত, নষ্ট, গতাসু।

বিকলাঙ্গ-স্বভাবতঃ ন্যূনাঙ্গ, অঙ্গহীন, খঞ্জ প্রভৃতি।

বন্দন-প্রণাম, ভক্তিপূর্ব্বক স্তবকরণ

বাহন-হস্তি, অশ্ব, রথাদি, যান।

বিক্রম-সৌর্য্যাতিশয়, অতিশয়বল

বঞ্চন-প্রতারণ, ঠকান।

বারেক-একবার, এক সময়, সকৃৎ।

বিবলস-বাইবেল, ধর্ম্মপুস্তক।

বরণডালা-বরণের উপকরণ পাত্র, প্রার্থন নৈবেদ্য সম্ভুম।

বিলোকন-অবলোকন, নিরীক্ষণ,

বিনোক্তা-ত্রাণকর্ত্তা, মোচনকারক।	দর্শন, দেখন।
বিভব-ধন, সম্পত্তি, ঐশ্বর্য্য, মোক্ষ।	ব্যাপদে-মৃত্যুতে বিপদে, আপদে
	বাষ্প-চক্ষুর জল, অশ্রু লোহ, উষ্মা

ভ-	ভকার-
ভুবনেশ্বর-জগদীশ্বর	ভক্তবৎসল-ভক্তানুগ্রাহক, ভক্তের প্রতি স্নেহ।
ভোঃ-সম্বোধনার্থ, প্রশ্নার্থ,আভিমুখ্যার্থ।	ভগবান-প্রভু, ঈশ্বর, সূর্য্য পূজ্য।
ভ্রংশক-নষ্টকারী, বিচ্ছেদকারী।	ভরণ্য-মিত্র, অগ্নি, ঈশ্বর, চন্দ্র।
ভুজঙ্গ-সর্প, অহি, লম্পট।	ভু-পৃথিবী, ভূমি, যজ্ঞাগ্নি।
ভক্ত-অনুরক্ত,অনুগত, সেবক।	ভূয়োভূয়ঃ-পুনঃ২ বারম্বার।
ভবাব্ধি-সংসাররূপসমুদ্র, ভবসাগর।	ভূরিষ্ট-প্রচুর, অধিক, যথেষ্ট।
ভবান-তুমি, যুষ্মদর্থ।	ভূমিবর্দ্ধন-মৃত্যু, নিধন, শব, মড়া।
ভাবিক-ভবিক,মঙ্গল, শুভ কল্যাণ।	ভবৎ যুষ্মদর্থ, যত্নার্থ।
ভা-দীপ্তি,প্রভা,কিরণ।	ভগ-ইচ্ছা, জ্ঞান, বৈরাগ্য, কীর্ত্তি, মাহাত্ম্য, ঐশ্বর্য্য,ধর্ম্ম, যশ,সৌভাগ্য
ভীরু-ভয়শীল, ত্রস্ত, লজ্জা, ছায়া।	ভবদীয়-তোমার, যুষ্মৎ সম্বন্ধীয়।
	ভবন্তি-বর্ত্তমান কাল, উপস্থিতকাল
	ভদ্রসমাচার-মঙ্গল সমাচার।
	ভাষ-কথা, বাক্য, পদ।
	ভ্রেষণ-চলন, গমন।
	ভুলোকা-উনুই, জলাকর।

ভবন-গৃহ, আলয়, ভাব, বাটী, উৎপত্তি হওন।

ভ্রুক্ষেপ-ঈষৎ অবলোকন।

ভূস্পৃক-মানব মনুষ্য, ভূমি স্পর্শ কারী।

ভীষণ-ঘোর, ভয়ানক।

ভদ্রনিধি-মহাদান বিশেষ।

ভরণ্ড-পতি, স্বামী, রাজা, ভূপাল।

ভদ্রাসন-নৃপাসন, সিংহাসন, বসত-বাটী।

ভূধর-পর্ব্বত, গিরি, শৈল।

ম-কার-

মহাত্ম-উত্তমস্বভাব-যুক্ত, মহাশয়।

মহি-পৃথ্বী, ধরণী।

মহাপথ-মৃত্যু, রাজবর্ত্ম, যে পথে না ফেরে।

মমতা-আত্মতুল্য স্নেহ বা অনুরাগ।

মঙ্গলকর-শুভকর, কল্যাণ দায়ক।

মহানাদ-বৃহদশব্দ, হস্তী, সিংহ উষ্ট্র শঙ্খ, কাহ্ল। বাদ্য।

মঞ্জু-মনোজ্ঞ, সুন্দর, চারু, মনোহর।

মনোরম-মনোজ্ঞ, মনোহর সুন্দর

মেসাত্মা-প্রতিশ্রুত, ত্রাণকর্ত্তা, অভিষিক্ত।

মর্ত্তস্থ-অবনীস্থ, পৃথিবীস্থত।

মর্ম্মকীল স্বামী, প্রভু, ভর্ত্তা।

মেধ-ক্রতু, যাগ, যজ্ঞ।

মর্ত্ত-মনুষ্য, সদ্য, উপনীত, ব্রাহ্মণ

মোক্তা-মোচনকর্ত্তা, ত্রাণকর্ত্তা।

মরুৎপ্লব-সিংহ কেশরী মৃগেন্দ্র

মদার-শটধূর্ত্ত, শুকর, বামুক।

মধুজা-পৃথিবী, ধরণী, ধরিত্রী।

মনোরথ-ইচ্ছা, বাঞ্ছা, মনের বাসনা।

মৃত্যুঞ্জয়-মৃত্যুজয়কারী।

মনোরঞ্জক-মনের আনন্দ জনক

মর্ত্তব্য-নাশ্য, মারিবার যোগ্য।

মাহাত্ম্য-মহাত্মতা, প্রভাব, মহত্ব।

মমতা-আত্মতুল্যস্নেহ বা অনুরাগ।

মূর্দ্ধ-মস্তক-মস্তক, শিরঃ, মাথা।

মহীলোকেশ-রাজা, ভূপতি, নরেশ।

মনুজ-মনুষ্য, মানুষ, নর।

মনোহর-মনোজ্ঞ, সুন্দর, স্বর্ণ।

মেধ্য-পবিত্র, পূ[illegible]চ, যজ্ঞীয়।

মোদিত-হর্ষযুক্ত, আহ্লাদিত।

মণিমান-মণিবিশিষ্ট, রত্নভূষিত।

মণিমন্দির-রত্নময়গৃহ, মণিমণ্ডপ।

মঙ্গলবাদ-কল্যাণ প্রার্থনা; কুশল কথন।

মন্যু-যন্ত্রণা, খেদ, তাপ, জ্বালা।

য- যকার-

যাবজ্জীবন যাবদায়ু, জীবন পর্য্যন্ত।

যাচনীয়-ভিক্ষণীয়, ভিক্ষা করিবার যোগ্য; প্রার্থনীয়।

যুগল-যোগ, যোড়া।

যজ্ঞভূমি-যাগস্থান, যজ্ঞস্থল।

যজ্বি-যষ্ট, যজমান, যাগকারী।

যজ্ঞেশ্বর-যজ্ঞের অধিষ্ঠাতা।

যুষ্মদ তুমি, সম্বোধন-

যাত্রা-প্রস্থান, গমন, দেশভ্রমণ।

যাপন-কালক্ষেপণ, কাটান।

যাবযুক্তা-আলতামাখা, রাঙ্গাপদ।

যজ্ঞভাজন-যজ্ঞপাত্র।

যজত-পুরোহিত, ঋত্বিক।

যজন-যাগকরণ, পূজন।

যজ্ঞান্ত-যাগশেষ, যজ্ঞ সাঙ্গ।

যথোচিত-যথাযোগ্য, ন্যায়মত।

যুষ্মদীয়-ভবদীয়, তোমার।

যত্রতত্র-যেখানে সেখানে, যথাতথা।

যশঃশেষ মৃত্যু, মরণ, ধ্বংস।

র-

রৌরব ঘোর, নরক, ভয়ানক, ধ[illegible]

রোধ্র-অপরাধ, পাপ।

রৌক্ষ্য-রুক্ষতা, রুক্ষত্ব, নিঃস্নেহতা।

রূঢ়-জাত, প্রসিদ্ধ, প্রকৃতি।

রোষ-ক্রোধ, কোপ।

রসনা-জিহ্বা, রসনেন্দ্রিয়।

রুক-বহুপ্রদ, বহুলদাতা, মহাবদান্য।

রহুন-শীঘ্রগমন, দৌড়ন।

রাশীকূট-পুঞ্জ, স্তূপ।

রিঙ্খন-স্খলন, রঙ্কণ।

রসন-আস্বাদন, রসগ্রহণ।

রুদ্রভূ-শ্মশান,

রকার-

রাশীকৃত-বহুল, পুঞ্জীকৃত।

রুহিরুহিকা-উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা।

রোদস-স্বর্গ, আকাশ।

রিপু শত্রু, বৈরী, বিপক্ষ।

রিশ-হিংসা, দ্বেষ, ঈর্ষা।

রদ-দশন, দন্ত, দাঁত, খোঁড়ন।

রশ্মি-কিরণ, প্রভা, রজ্জু।

রুদ্ধ-আবৃত, আটক, কয়েদ।

রোম-জল, তনুরুহ, লোম।

রুদিত-ক্রন্দন, কাঁদন, বিলাপ।

রোধ্রত-পাপে রত, রোধ্রপাপ, কলুষ, দোষ, অপরাধ।

রেতজা-বালি, বালুকা।

রথ-পদ, চরণ, দেহ, কায়, স্যন্দন চক্রবিশিষ্ট, যুথাশ্বযান।

রুচিত-মিষ্টবস্তু, স্বাদু দ্রব্য।

রেণু-ধূলি, পাংশু, গুঁড়া।

রুহ-আরোহণ, জাত, উৎপন্ন।

রক্ষিত-প্রতিপালিত, রক্ষা করা।

রত্নসূতে-পৃথিবীতে, ধরণীতে।

ল- লকার-

লট্ট-দুর্জ্জন, দুষ্ট। লণ্ডভণ্ড-উচ্ছিন্ন, প্রচ্ছিন্ন, ব্যতিব্যস্ত।

লোকান্তর-পরলোক, মৃত্যু। লোকেশ্বর-ভুবনেশ, রাজা।

লোকযাত্রা-সংসারযাত্রা।

লোকাপবাদ-জনসমক্ষে নিন্দা। লজাক-যেগুর শিষ্য ৪ দিনের মরা তাহাকে শ্মশান হইতে উঠান।

লপন-মুখ, বদন, ভাষণ, কথন। লাঞ্ছিত-ভর্ৎসিত, তিরস্কৃত, নিন্দিত

লগ্না আঘাত, প্রহার, মারণ।

লোকনাথ-রাজা, শিব, ব্রহ্মা, বিষ্ণু। লগ্নক-প্রতিভূ, জামীন।

লষিত-বাঞ্ছিত, ইষ্ট, অভীষ্ট।

লোহ-লোহ, রক্ত, রুধির, অন্তক। ললিত-সুন্দর মনোজ্ঞ, কোমল, নরম।

লোচন-চক্ষু, নেত্র, নয়ন।

লাস-মৃতদেহ, শব। লষণীয়-স্পৃহণীয়, বাঞ্ছনীয়।

লঙ্গের-চরণের, লঙ্গ, পাদ, কচ্ছ, কাছা। লীঢ়ন-আস্বাদন, লীঢ়, আস্বাদিত।

লেহ্য-অমৃত, সুধা, লেহনীয়, চাটিবার যোগ্য।

লগড়-চারু, মনোহর, সুন্দর।

লঙ্ঘন-উপবাস, অতিক্রম, লম্ফন, ডিঙ্গান।

বকার-

বিলোপ-একেবারে লোপ, নাশ, ধ্বংস। ব্যাকুলাত্মা-শোকাভিহতচিত্ত, উদ্বিগ্নমনা, উৎকণ্ঠিত অন্তঃকরণ।

বিচিত্র-আশ্চর্য্য, বিস্ময়, চমৎকার, নানাবর্ণ।

বদন্য-বদান্য, বহুপ্রদ, দাতা, উদার। বণীক যাচক, প্রার্থক, ভিক্ষুক।

বয়ুন-জ্ঞান, জ্ঞাত। বোধন-বিজ্ঞাপন, জানান।

শকার- শুভ-ক্ষেম, মঙ্গল কল্যাণ।

শ্রয়ণ-আশ্রয়, অব-লম্বন। শ্রীপতি-পৃথিবীনাথ নারায়ণ।

শ্রিত-সেবিত, আশ্রিত।

শোভন সুন্দর, শো-ভাজনক। শস্ত-কল্যাণ, শরীর, শুভ, প্রশস্ত।

শৃঙ্গিন-মেষ, মেড়া, ভেড়া।

শ্রদ্ধা-দৃঢ়ভক্তি দৃঢ়, বিশ্বাস, আদর। শরণ্য-রক্ষক রক্ষণার্থ, আশ্রয়দানে সমর্থ।

শুশ্রূষণ-উপাসনা, সেবা, পরিচরণ। শোধন-শুদ্ধকরণ, নির্দ্দোষকরণ।

শোণিত-রক্ত, রুধির, কুঙ্কুম।

শয়থ-অজগরসর্প। শুভঙ্কর-মঙ্গলকারক ক্ষেমঙ্কর।

শিতান বালিশ, উপধান, শিয়র। শ্বাসহেতি-নিদ্রা ঘুম।

শতধৃতি-স্বর্গ, ইন্দ্র, ব্রহ্মা।

শাবর-পাপ, অপরাধ, মৃগচর্ম্ম। শসন-মারণ, যজ্ঞার্থে পশু হনন।

শ্বস্তন-ভবিষ্যদ্বস্তু ভবিষ্যৎ।

শাদ-কর্দ্দম, কাদা, তৃণ, ঘাস। শ্বসন-নিঃশ্বাস, বায়ু।

শ্বান কুক্কুর কুকুর।

শাল্মলি-নরক, শিমুলগাছ। শ্লক্ষ্ণ-মনোজ্ঞ, মনোহর, অল্প।

শক্ল প্রিয়ভাষী প্রিয়ম্বদ।

শ্রীযেশু-প্রভাময় সত্যত্রাণকর্ত্তা। শ্রুতি-শ্রবণ, কর্ণ, শ্রোত্র, বেদ।

শ্রোত্র-কর্ণ, কাণ।

শ্রোণ-পঙ্গু, খোঁড়া। শরণী-পথ বর্ত্ম, মার্গ।

শ্রেণি-পংক্তি। শোভা-দীপ্তি, কান্তি, দ্যুতি।

শান্ত্বিত-যাহাকে সান্ত্বনা করা গিয়াছে। শান্ত-উপশম প্রাপ্ত, শমিত, জিতেন্দ্রিয়, শিষ্ট।
শাড-শব্দ, স্পন্দ, স্পর্শজ্ঞানাবোধ। শমক-শান্তিকারক, শান্তিকর্ত্তা।
শান্তি-কামক্রোধাদির প্রশম, উপশম।

ষকার-

ষটকর্ম্ম-অধ্যাপন; অধ্যয়ন; যজন; যাজন; দান; প্রতিগ্রহ; এই ছয়।
ষড়ঙ্গ-ছয় অঙ্গের জয়কারী; বিষ্ণু। ষহসাঃ যজ্ঞ; ক্ষমাবান; ময়ূর।
ষড়্‌রিপু-কাম; ক্রোধ; লোভ; মোহ; মদ; মাৎসর্য্য।
ষড়ধা-ছয়প্রকার; ষড়্‌বিধ। ষড়বক্ত্র-কার্ত্তিকের; কুমার; ছয়মুণ্ড।
ষড়বিন্দু-বিষ্ণু; কীটভেদ।
ষড়ভুজা-দেবীবিশেষ; থরমুজা। ষষ্ঠী-কাত্যায়নী; দেবীবিশেষ।
ষষ্ঠীকা-চামুণ্ডা; দেবীবিশেষ।
ষোড়শী-যজ্ঞপাত্রবিশেষ; দশ মহাবিদ্যান্তর্গত বিদ্যাবিশেষ। ষোড়শভুজা-ষোড়শহস্তযুক্তা; ভগবতী।
ষড়ানন-কার্ত্তিকেয়; স্কন্দ; কুমার। ষিড়্‌গ লম্পট; কামুক; ইত্যাদি।
ষোড়শাঙ্গ-ষোলপ্রকারগন্ধদ্রব্যযুক্তধূপ।
ষোড়শোপচার-ষোল প্রকার পূজার উপকরণ।

সকার-

সাকার আকারবিশিষ্ট, মূর্ত্তিমান।
সঙ্কৎ-প্রতারক; বঞ্চক। সবিত্রী-মাতা; জননী; প্রসবকারিণী।
সদনে আলয়ে; গৃহে; গেহ।

স্বীয়-স্বকীয়; নিজ; সনাতন-নিত্য; সর্ব্বদা; ভাবী; বিষ্ণু;
আত্মসম্বন্ধীয়। শিব; ব্রহ্মা।
সিন্ধুশয়ন-প্রভু; স্বয়ম্ভু-স্বয়ং জাত; প্রজাপতি।
নারায়ণ। স্রষ্টা-সৃষ্টিকর্ত্তা; প্রজাপতি।
সুরম্য-সুরমণীয়; সু-ভাল; সুন্দর; শোভন।
মনোহর। সাদর-আদরযুক্ত; মান্য।
সমীক্ষণ-সম্যক প্র- স্বস্তিবচন-মঙ্গলকথন; মাঙ্গল্যকর্ম্মারম্ভ।
কারে দর্শন। সস্ত্রীক-জায়া স্বামী উভয়।
শ্বাপদ-ব্যাঘ্রাদি; স্রংসন-অধঃপতন; চ্যুত হওন।
সম্ভাষণ-কথন; সচিব-মন্ত্রী; পরামর্শী; সহায়।
আলাপন। সম্মাতুর-ধার্ম্মিকা স্ত্রীর সন্তান।
সমর্দ্ধক-বরদ, বর- সার্থক-ফলজনক সফল।
দাতা। সমীক্ষণ-সম্যক প্রকারে দর্শন।
সমানোদক-এ- স্বন-শব্দ; ধ্বনি।
কোদক; চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত; জ্ঞাতি।
সমুদ্ধার-সম্যক প্র- সন্তমস-চতুর্দ্দিক আচ্ছন্নকারী অন্ধকার;
কারে উদ্ধার। সর্ব্বতোব্যাপি অন্ধকার।
সুর-সূর্য্য; ভাস্কর; স্তনপান্তে-প্রায় যুবকালে।
আকন্দবৃক্ষ। সোমত্ত-যুবা; তরুণ; বলবান।
সুধী-বিদ্বান; সুধীর-অতিশয় শিষ্ট; অতি শান্ত।
পণ্ডিত; সুন্দর বুদ্ধিবিশিষ্ট।
সিদ্ধি-নিষ্পত্তি; সহসা-হঠাৎ; অকস্মাৎ।
সুমঙ্গল; ভাঙ্গ। সত্রী-গৃহপতি; সদা দান বা যজ্ঞাধিকারী

সংরূঢ়-অঙ্কুরিত; জাত; উৎপন্ন।

সৌবস্তিক-পুরো হিত; যাজক।

স্তনপ-অতিশিশু, দুগ্ধপোষ্য।

স্রুত-ক্ষরিত, চ্যুত।

সমুত্থান-উর্দ্ধগমন, সম্যক প্রকারে উত্থান।

সানুমান-পর্ব্বত, গিরি, শৈল।

সতীর্থ-পরস্পর-এক গুরুর শিষ্য, এক ধর্ম্মাক্রান্ত, একাশ্রমী।

সাঞ্জতল-যোড়হস্ত, যুক্তকরতলদ্বয়।

স্রক-মালা, হার, মাল্য।

সংশ্রয়-আশ্রয়, উপায়, গতি।

সর্ব্ববিৎ-পরমেশ্বর, সর্ব্বজ্ঞ।

সর্ব্বজিৎ-বিশ্বজয়ী, সকলের জয়কর্ত্তা।

সৎপন্থা-সৎপথ, ধর্ম্মমার্গ।

সমক্ষ-চক্ষুর; সমীক।

সমুদ্ঘুষিত-সমাব; ঘোষণাশ্রয়; প্রচারিত।

সলিল-জল; বারি; উদক।

সম্বোধন-আভিমুখ্যবিধান; আমন্ত্রণ।

সর্ব্বসহা-পৃথিবী, ধরণী।

স্তেন-চৌর, তস্কর।

সঙ্কাশ-সদৃশ, তুল্য, সমান।

সংজ্ঞপন-হনন, মারণ, বিজ্ঞাপন।

সন্ধ্যারাগ-সিন্দুর, সন্ধ্যাকালের ন্যায় রক্তবর্ণ।

সমীক্ষণ-সম্যক প্রকারে দর্শন।

স্তোত্র-স্তব, গুণগান।

সমুদ্গ-সম্পুটক, কৌটা, আচ্ছাদনে, মোহর করা।

সংশয়-সন্দেহ, দ্বৈধ জ্ঞান।

সর্ব্বেশ্বর-সকলের অধিপতি, রাজাধিরাজ।

সর্ব্বব্যাপি-সর্ব্বত্র স্থিতি, সর্ব্বগত।

সুরপুরী-স্বর্গপুরী, অমরাবতী।

সোপান-পইটা, সিঁড়ি, সূচনা।

সানুকূল-সহায়, সপক্ষ, প্রসন্ন।

সেথুয়া-পথদর্শক, সাথী-সহায়, অনুচর, সঙ্গী।
সঙ্গী। স্বেদ-ঘর্ম্ম, স্বেদন, ভাবরা।
স্রস্ত-চ্যুত, ক্ষরিত, সুদণ্ড-বেত্র, বেত।
বিগলিত। সগিক-বড়সা-শেল, শল্য।
সলিল-জল, উদক। সত্বর-শীঘ্র দ্রুত, তুর্ণ।
স্পর্শমণি স্পর্শ- সংশুদ্ধি-শরীর মার্জ্জন, সম্যকশোধন।
মাত্রে স্বর্ণজনক পাতরবিশেষ, পরশ পাতর।
সত্যধন-ধার্ম্মিক। সাশ্রুলোচন-সজল নয়ন।
সান্তর-বিরল, নি- শ্বোবশীয়-কল্যাণ, মঙ্গল, শুভ।
র্জ্জন, অন্তরের সহিত বর্ত্তমান।

হ- হকার-
হতপ্রভ-প্রভাহীন, হতভাগ্য-দুর্ভাগ্য, মন্দভাগ্য, পোড়া-
অন্ধকার। কপাল।
হীন-রহিত অধম, হর্ত্তাকর্ত্তা-সৃষ্টিস্থিতিকারক, বিধাতা।
নীচ, গর্হা, উন। হেড়জ-ক্রোধ, কোপ, রোষ।
হরনায়-অনল, বহ্নি। হেয়জ্ঞান-তুচ্ছবোধ অপকৃষ্টজ্ঞান।
হ্রস্ব-খর্ব্ব, লঘু, বা- হ্রাক্ষয়, শব্দ, ক্ষীনতা, ম্লানতা।
মন, ছোট। হস্তাঘাৎ-চাপড়, চপেটাঘাৎ।
হতাদর-অসম্মান, অ- হাত্র-মারণ, প্রমথন, বেতন।
মর্য্যাদা, অবজ্ঞাত। হেমন্ত-হিমাগম, অগ্রহায়ণ পোষমাস
হয়শালা-অশ্বালয়, হিতক-শিশু, বালক।
আস্তাবল। হ্রীণীয়া-লজ্জা, ঘৃণা ত্রপা।

হোতা-হোমকর্ত্তা।
হবন-হোম অগ্নিতে ঘৃতপ্রক্ষেপ।
হবনী-হোমকুণ্ড, হোমস্থান।
হৃদয়েশা-স্ত্রী, ভার্য্যা।
হন্তা-হননকর্ত্তা, ঘাতক, বধকারক।
হোম-ঈশ্বরোদ্দেশে হবি মাংস দধি করা।
হরনেত্রদিনে-তৃতীয় দিনে।

হব্যাশ-অগ্নি, হুতাশন, বহ্নি।
হনন-ঘাতন, বধ, মারণ, বলিদান।
হুঙ্কার গর্জ্জন, গভীরধ্বনি, ভয়ঙ্করশব্দ
হব্য-হননীয়দ্রব্য, হোমার্থ বস্তু।
হৃদয়েশ-স্বামী, কান্ত, পুরুষ।
হৃৎকম্প হৃদয়কম্পন, বক্ষস্থলধড়ধড়শব্দ
হৃদয়ঙ্গম-মনোনীত, মনলগ্ন, চিত্তপ্রবোধক।
হেমমালী-রবি, সূর্য্য, ভাস্কর, দিবাকর
হর্ম্মুটবার-রবিবার, হর্ম্মুট, ভানু।
হলা-পৃথিবী, জল।

ক্ষ- ক্ষকার-

ক্ষিতি-পৃথিবী, ক্ষয়, প্রলয়।
ক্ষেত্র-ভূমি, ক্ষেত।
ক্ষিতিকণ-ধুলি, ধুলা, পাংশু।
ক্ষতজ-রক্ত, শোণিত।
ক্ষুং-চিহ্ন, দাগ, কলঙ্ক।

ক্ষেমঙ্কর-মঙ্গলকারক, শুভজনক।
ক্ষেম-কুশল, লব্ধ, রক্ষণ।
ক্ষত্র-শরীর, দেহ, কায়া।
ক্ষিতিপাল-রাজা, পৃথিবীর ঈশ্বর।
ক্ষৌণি-পৃথিবী, ধরণী।
ক্ষিন্ন-দুঃখিত, ক্ষুব্ধ, খেদিত।
ক্ষীরাদ-শিশু, বালক।
ক্ষ্মাতল-ধরাতল, ভূতল, পৃথিবীতল

ক্ষিপক-যোদ্ধা, বীর, ক্ষিপ্র-শীঘ্র, দ্রুত, ত্বরায়। অভ্যাস। ক্ষালন-প্রক্ষালন, ধৌতকরণ।

ক্ষণদ্বি-অত্যল্পকাল, ক্ষেপণ-যাপন, কালহরণ, ফেলন। অল্পসময়। ক্ষোভ-মনস্তাপ, দুঃখ, সঙ্কলন.

ক্ষুব্ধ-ক্ষোভবিশিষ্ট, কাতর, ক্ষুণ্ণ, বিমর্ষ। ক্ষমাবান-ক্ষান্তি যুক্ত. ধৈর্য্যশীল, সহিষ্ণু।

ব্যঞ্জনের ঊনত্রিংশৎ বর্ণ, অন্তস্থ বর্ণের চতুর্থ বর্ণ; এব ত্রয়োবিংশং বর্ণ তুল্যার্থ বকার।

প্রার্থনা।

পরামনন কর কেননা স্বর্গের রাজ্য সন্নিকট। এই জগতে আমরা কিছুই আনি নাই এবং কিছুই লইয়া যাইতে পারিব না। অতএব তুমি কিরূপ শিক্ষা পাইয়াছ ও শ্রবণ করিয়াছ, তাহা স্মরণ করিয়া পালন কর, এবং মন ফিরাও। যদি বল পাপ নাই তবে ভ্রান্তিতে আছ সদোষ স্বীকার কর ক্ষমা পাবে। যে ডালে অধিক ফল ধরে সেই ডাল নত হয় যে মাটিতে জন্মিয়াছ সেই মাটির উপর তুমি তবে নম্র হও মানুষের উপর প্রত্যাশা করিও না। অধ্যক্ষদের শরণাগত না হইয়া পরমেশ্বরকে আশ্রয় কর। মানুষকে লজ্জা কর, ঈশ্বরকে ভয় কর। আপনার পরীক্ষা কর। নিজ মনকে জিজ্ঞাসা কর, হে মনঃ আমি কেমন লোক। পরের গুহ্য প্রচার করিও না। সত্য বাক্য নির্ভয়ে বলিবা। হঠাৎ উৎকট বাক্য প্রচার করিও না।

পরদুঃখে দুঃখি ও পরসুখে সুখি হও। তুমি যে কোন কর্ম্মে হস্তার্পণ করিতে পার, তাহা যত্ন পূর্ব্বক কর, কেননা তুমি যে স্থানে যাইতেছ, সেই পিতৃকাননে কোন কার্য্য, কি উপায়, কি বুদ্ধি, কি জ্ঞান, কিছু নাই। তোমরা আপনাদের আপনি নও যেহেতুক বিশেষ মূল্যে ক্রীত হইয়াছ, অতএব তোমাদের শরীর ও তোমাদের আত্মা উভয় দিয়া ঈশ্বরেরই মহিমা প্রকাশ কর, কেননা উভয় ঈশ্বরের আছে, আর শরীরাচারী হইয়া জীবন ধারণ করিলে তোমরা মরিবা, কিন্তু আত্মা দ্বারা যদি শারীরিক কর্ম্ম ব্যাপাদান কর, তবে বাঁচিবা, এই জন্যে তোমাদিগকে বলি প্রার্থনার সময়ে যাহা যাহা যাজ্ঞা কর তাহা পাইবা এমত বিশ্বাস করিও তাহাতে প্রাপ্ত হইবা। তোমরা ভোজন পান প্রভৃতি যে কোন কর্ম্ম কর সে সকলই ঈশ্বরের মহিমা প্রকাশের নিমিত্ত কর।

হে আমার ধর্ম্মস্বরূপ ঈশ্বর আমি প্রার্থনা করিলে আমাকে উত্তর দেও, অনুগ্রহ করিয়া আমার প্রার্থনা শুন। হে প্রভো। তোমার আবাসে কে প্রবাস করিবে, যে জন সরলাচরণ ও

ধর্ম্মকর্ম্ম করে ও মনের সহিত সত্য কথা কহে, এবং জিহ্বাতে কাহারও গ্লানি করেনা সেই জন। হে পরমেশ্বর! আমি তোমার নিবাস মন্দিরকে ও তোমার মহিমার বসতি স্থানকে, প্রেম করি, পরমেশ্বর আমায় বল ও ঢাল স্বরূপ আমার মন তাঁহাতে নির্ভর করাতে আমি উপকার পাই আমি তোমার স্মরণাগত, অতএব আমাকে কখন লজ্জিত হইতে দিও না তুমিই আমার পর্ব্বত ও দুর্গস্বরূপ, শোকেতে আমার জীবৎকালও দেখাতে আমার বয়স গেল, অপরাধ দ্বারা আমার বল-ক্ষীণ ও অস্থি সকল বিশীর্ণ হইল, আমি আপন অপরাধ স্বীকার করিতেছি, ও পাপের নিমিত্তে মনস্তাপ করিতেছি।

হে আমার মনঃ কেন শোকার্ত্ত হও! ঈশ্বরের অপেক্ষা কর, তিনি মঙ্গল দাতা ও পুরুষানুক্রমে আমার আশ্রয় স্থান আমি ঊর্দ্ধ্ব দৃষ্টি করি আমার উপকার কোথা হইতে হইবে। যিনি স্বর্গমর্ত্ত্যের সৃষ্টি কর্ত্তা, সেই পরমেশ্বর হইতে আমার উপকার হয়। তিনি তোমার চরণকে, বিচলিত হইতে দিবেন না, তোমার রক্ষাকারী নিদ্রা যাইবেন না।

হে ইস্রায়েলের রক্ষাকারী কখন নিদ্রা কি তন্দ্রা যান না। পরমেশ্বর তোমার রক্ষা কর্ত্তা, ও পরমেশ্বর তোমার দক্ষিণ দিক স্থিত ছায়াস্বরূপ। দিবসে সূর্য্য এবং রাত্রিতে চন্দ্র তোমাকে আঘাত করিবে না। পরমেশ্বর তোমাকে সমস্ত আপদ হইতে রক্ষা করিবেন তিনি তোমার প্রাণ রক্ষা করিবেন পরমেশ্বর অদ্যাবধি সদাকাল পর্য্যন্ত তোমার বহির্গমন ও ভিতরে আগমন রক্ষা করিবেন আমি তোমারই তুমি আমাকে পরিত্রাণ কর আমি দ্বিমনা লোককে ঘৃনা করি তোমার প্রমাণ বাক্য আশ্চর্য্য এই জন্যে আমার মন তাহা পালন করে, তোমার বাক্যের উদয় দীপ্তি প্রদান করে ও অবোধের বোধ জন্মায়।

হে প্রভো! আমার রব শুন, আমার বিনতি বাক্য তোমার কর্ণগোচর হউক। আমার চক্ষু তোমার প্রতি আছে, আমি তোমার শরণাগত আমার প্রাণকে ফেলিয়া দিওন', তোমার প্রচুর কৃপানুসারে আমার তাবৎ অপরাধ মার্জ্জনা কর, আমি নিজ অপরাধ স্বীকার করিতেছি আমার পাপ সর্ব্বদাই আমার সাক্ষাতে আছে। আমি তোমার

বিরুদ্ধে দোষ করিয়াছি, দেখ অপরাধে আমার জন্ম হইয়াছে, ও পাপেতে মাতার গর্ভে ধারণ করিয়াছে আমাকে প্রক্ষালন কর, তোমার সম্মুখ হইতে দূর করিওনা তোমার উদার আত্মার দ্বারা আমাকে ধারণ কর। হে প্রভু আমার ওষ্টাধরকে মুক্ত কর তাহাতে আমার মুখ, তোমার প্রশংসা প্রকাশ করিবে। তুমি বলিদানের প্রয়াস কর না নতুবা তাহা দিতাম এবং হোমেতেও তোমার সন্তোষ নাই। ঈশ্বরের গ্রাহ্য যাগ ভগ্ন আত্মা। হে ঈশ্বর তুমি ভগ্ন ও চুর্ণ অন্তঃকরণকে তুচ্ছ করিবা না। হে পরমেশ্বর আমি তোমার নামের প্রশংসা করিব কেননা সে উত্তম! সেই নাম আমাকে তাবৎ বিপদ হইতে রক্ষা কর।

হে আমার মনঃ পরমেশ্বরের ধন্যবাদ কর হে আমর অন্তরস্থ সকল তাঁহার পবিত্র নামে ধন্যবাদ কর। হে আমারমন পরকেশ্বরের ধন্যবাদ কর ও তাঁহার সকল দান বিস্মৃত হইও না, তিনি তোমার তাবৎ পাপ মার্জ্জনা করেন ও তোমার সকল রোগের শান্তি করেন এবং বিনাশ হইতে তোমার প্রাণকে উদ্ধার করেন এবং স্নেহ ও দয়া-

রূপ মুকুটেতে তোমাকে ভূষিত করেন এবং উত্তম দ্রব্যে তোমার মুখকে তৃপ্ত করেন, তাহাতে উৎক্রোশ পক্ষির ন্যায় পুনর্ব্বার তোমার নূতন যৌবন হ

ঈশ্বরকে জানা কর্ত্তব্য।

তুমি ঈশ্বরের বিষয়ে আপনাকে জ্ঞাত করিয়া শান্ত হও, তাহাতে তোমার মঙ্গল হইবে।

ঈশ্বর অদ্বিতীয়।

বস্তুতঃ দেবতা কিছু নাই, এবং এক ঈশ্বরো দ্বিতীয়ো নাস্তি, ইহা আমরা জানি।

সৃষ্টিকর্ত্তাই ঈশ্বর।

যাঁহা হইতে তাবৎ বস্তু ও যাঁহার নিমিত্তে আমরা সৃষ্ট হইয়াছি, এমন পিতাস্বরূপ আমাদের অদ্বিতীয় ঈশ্বর আছেন।

নম্র লোকের প্রতি ঈশ্বরের দৃষ্টি।

পরমেশ্বর কহেন, যে জন নম্র ও ক্ষুণ্নমনাঃ ও আমার কথাতে কম্পিত এমত লোকের প্রতি আমি দৃষ্টিপাত করিব।

সত্যভজনা।

ঈশ্বর আত্মাই, আর তাঁহার ভজনা করিতে গেলে আত্মা দিয়া সত্যরূপে ভজনা করিতে হয়।

ঈশ্বর অতুল্য।

হে ঈশ্বর, দেবগণের মধ্যে তোমার তুল্য কে আছে? এবং তোমার সমান পবিত্রতাতে আদরণীয় ও ভয়ানকত্ব প্রযুক্ত স্তবনীয় ও আশ্চর্য্য ক্রিয়াকারী কে আছে?

প্রত্যয় বিনা আরাধনা বিফল।

প্রত্যয় ব্যতিরেকে ঈশ্বরকে তুষ্ট করা অসাধ্য ঈশ্বর যে বর্ত্তমান ও আপনার অন্বেষণকারিগণের পুরস্কারদাতা এমত প্রত্যয় করা ঈশ্বরের শরণাগত লোকের কর্ত্তব্য।

ঈশ্বরাশ্রিত লোক সুরক্ষিত হয়।

যাহারা পরমেশ্বরকে ভয় করে, তাঁহার দূত তাহাদের চতুর্দ্দিগে থাকিয়া তাহাদিগকে রক্ষাকরে।

নরের প্রতি নির্দ্দয় জন ঈশ্বরের অভক্ত।

যে জন নিজ ভ্রাতাকে ঘৃণা করিয়া, "আমি ঈশ্বরকে প্রেম করিতেছি,, এমত কথা বলে, সে মিথ্যাবাদী, কেননা আপনার যে ভ্রাতাকে দেখে

তাহাকে যদি প্রেম না করে, তবে যাঁহাকে দেখে নাই এমতঈশ্বরকে কিপ্রকারে প্রেম করিতেপারে।

ভ্রাতার প্রতি নির্দ্দয় জন ঈশ্বরের অভক্ত।

আপনি সাংসারিক ধনবান হইলেও যদি কেহ আপন ভ্রাতার দীনতা দেখিয়া তাহার প্রতি আপনার দয়া বোধ করে, তবে তাহার অন্তরে ঈশ্বরের প্রেম কি প্রকারে থাকিতে পারে?

সন্তানের পিতৃ আজ্ঞাবহ হওয়া উচিত।

হে বালকগণ, তোমরা সমস্ত বিষয়ে পিতা মাতার আজ্ঞা পালন কর, কেননা এই কর্ম্ম প্রভুর সন্তোষজনক হয়।

সন্তানের প্রতি পিতার কর্ত্তব্যাচরণ।

হে পিতা সকল, তোমরা আপনং সন্তানদিগকে প্রতিপালন কর।

ধার্ম্মিকের প্রতি ঈশ্বর অনুকূল।

ধার্ম্মিকগণের প্রতি পরমেশ্বরের দৃষ্টি ও তাহাদের প্রার্থনার প্রতি তাঁহার কর্ণ আছে; কিন্তু দুষ্কর্ম্মিদের প্রতি পরমেশ্বর বিমুখআছেন।

সমাপ্ত।

কটুবাক্য কহা অনুচিত।

৯

কহিবেনা কটু কথা কাহাকে কখন।
সাবধানে মিষ্ট কথা কবে সর্ব্বক্ষণ॥
অতিশয় সুকোমল হয়েছে রসনা।
তাহা হতে কটু কথা বাহির করনা॥
রসনাকে সুশাসনে সর্ব্বদা রাখিবে।
তবে শিশু কটু কথা বাহির না হবে॥
দাস দাসী গ্রামবাসী কিম্বা আত্মজন।
যদি ইহাদের প্রতি কহ কুবচন॥
তাহলে তাহারা ঘৃণা তোমাকে করিবে।
তোমার সহিত তারা আলাপ ছাড়িবে॥
কহিলে সুমিষ্ট কথা সবে করে হিত।
অতএব "কটু বাক্য কহা অনুচিত"॥

কুকাজ করিলে অখ্যাতি হয়।

কদাপি কুকর্ম্ম না করিবে শিশুগণ।
কুজনের কল্যাণ না হয় কদাচন॥
কুকর্ম্ম যে জন করে কোথা তার মান।
দেখ তার পদে পদে হয় অপমান॥
কুকাজ করিয়া দেখ রাজা দশানন।
শ্রীরামের হাতে তার সবংশে মরণ॥
কীচকের প্রাণ গেল কুকর্ম্ম করিয়া।
সূর্পণখা ছিন্ননাসা কুকাজে মজিয়া॥
চেয়ে দেখ কুকাজ করিয়া শশী দোষী।
কুকর্ম্ম করিয়া নর গলে পরে ফাঁসি॥
শিশুগণ! করত্যাগ কুকর্ম্ম নিশ্চয়।
"কুকাজ করিলে দেখ অপযশ হয়"॥

আরোগ্য সুখের মূল।

আরোগ্য সুখের মূল জানিবে নিশ্চয়।
যে মনুষ্য রোগী তার সুখ কোথা হয়॥

রাজা যদি রোগী হয় সুখ নাই তাঁর।
দিবা নিশি তারে বসি রোগ প্রতীকার॥
রাজ্য চিন্তা কোথা তাঁর যে ভূপাল রোগী
সুস্বাদু আহার কোথা সদা পথ্য ভোগী॥
সুকোমল শয্যা হয় কণ্টক সমান।
জ্বালায় নিদ্রা ছাড়া কণ্ঠাগত প্রাণ॥
চারি পাশে বসি সবে হাহাকার করে।
তাহা শুনি ভয় হয় রোগীর অন্তরে॥
রোগী হলে এইরূপ ভোগিবে সকলে।
"আরোগ্য সুখের মূল" এই হেতু বলে॥

কুকথা কদাপি বাচ্য নহে।

কুকথা কদাপি শিশু মুখে না আনিবে।
কুকথা বলিলে পর সকলে হাসিবে॥
কুকথা কহিলে ঘৃণা সকলে করিবে।
অসাধু বলিয়া শিশু সকলে ঘুষিবে॥
সুসাধু যে জন সেকি কহে কুবচন।
সদা মধুমাখা কথা কহে সাধুজন॥

প্রাণান্তেও সাধু ব্যক্তি কুকথা কহেনা।
কুকথা কহিলে দেখ সাধুত্ব রহেনা॥
পণ্ডিতেরা কভু যদি বলে কুবচন।
পাষণ্ড বলিয়া ব্যাখ্যা করে সর্ব্বজন॥
ভাল লোকে মন্দ কৈলে ক্ষেপা বলি তারে।
ওহে শিশু! আর কি পাগল গাছে ধরে॥
বালক বালিকাগণ! শুনহ বচন।
"কুকথা কদাচ বাচ্য নহে" এ কারণ॥

অনিয়মে রাজ্য নাশ হয়

বল অনিয়মে রাজ্য কার কোথা থাকে
অনিয়মে পাত্রমিত্র ছাড়য়ে রাজাকে॥
অনিয়মে কর নাহি দেয় প্রজাগণ।
অবশেষে প্রজাগণ হয় এক মন॥
দল বদ্ধ হয়ে প্রজা করে ঘোর রণ।
ভূপতি পড়েন মহা বিপদে তখন॥
অনিয়মে দল বল ছাড়িযায় তাকে।
অসময় হলে আর পাইবেনা কাকে॥

ভূপাল একাকী হন প্রজা অগণন।
এজন্য রাজার হয় সমরে মরণ॥
অথবা ছাড়িয়া রাজ্য দূরে পলাইবে।
অন্য রাজা সেই রাজ্য অবশ্য লইবে॥
চেয়ে দেখ সুদৃষ্টান্ত ওহে শিশুগণ।
এরাজ্যেতে রাজা ছিল যবন যখন॥
তারা সব ছারে খারে গেল অনিয়মে।
সেই রাজ্য ইংরেজেরা পালে সুনিয়মে॥
বালক বালিকাগণ! জানিবে নিশ্চয়!
কখনও "অনিয়মে রাজ্য নাহি রয়"॥

কুনটের নাট্য কিছু নয়।

নৃত্য কারী মন্দ হলে কেবা হেরে নাট
নৃত্য হেরি রুদ্ধ করে নয়ন কবাট।
নিন্দার ভাজন হয় কুনর্ত্তনকারী।
বিদ্রুপ করিয়া সবে বলে "বলি হারি"।
যে জন নর্ত্তক ভাল প্রশংসা তাহার।
কুনট যে জন সদা অপ্রশংসা তার॥

ওহে শিশুগণ! বলি দৃষ্টান্ত তাহার
সুনর্ত্তক বলি শিখী ভুবনে প্রচার॥
পেকম ধরিয়া নৃত্য করে শিখিগণ।
হেরিয়া বিমুগ্ধ হয় মানবের মন॥
পঁচার নাচনে বল কেবা মুগ্ধ হয়।
অতএব "কুনটের নাচা কিছু নয়"

পাঠ্য পুথি পাঠ কর।

বালক বালিকাগণ! মন দিয়া শুন
পাঠের পুস্তক হাতে লও পুন পুন॥
অপাঠ্য পুস্তক হাতে লবেনা কখন।
অপাঠ্য গল্পেতে নাহি কভু দিবে মন।
চেয়ে দেখ দুষ্ট মতি নষ্ট শিশু যারা।
মন্দ পুথি পাঠে সদা মত্ত হয় তারা॥
সুশীল সুবোধ অতি যে বালক হয়।
প্রাণান্তেও মন্দ পুথি হাতে নাহি লয়॥
অপাঠ্য পুস্তকে যদি থাক দিয়া মন।
পাঠ্য পুথি তবে আর পড়িবে কখন॥

এজন্য অযোগ্য যত পুঁথি ত্যাগ কর।
সদা তোমাদের "পাঠ্য পুঁথি পাঠ কর

জাড্য দোষ দূরকর।

জড়তা বিষম দোষ শুন শিশুগণ।
জড়তা ছাড়িতে যেন সদা থাকে মন॥
জড়তা যাহার মনে থাকে বিরাজিত।
উপদেশ গ্রহণেতে সে হয় বঞ্চিত॥
উপদেশ বিনা কার বোধোদয় হয়।
উপদেশ বিনা কার চিত্ত শুদ্ধ হয়॥
সেই উপদেশ নিতে জাড্য শত্রু হয়।
অবশ্য করিতে হয় শত্রু পরাজয়॥
অতএব শিশুগণ! জাড্য পরিহর।
এই হেতু বলি "জাড্য দোষ দূরকর,,

আঢ্য লোক সুখে থাকে

শিশুগণ! ধনী লোক সদা সুখে থাকে
দিন দিন কতদীন স্তুতি করে তাঁকে॥

ভরিয়া দরিদ্রগণে পায় কত সুখ।
কভুকি দেখিতে পায় অসুখের মুখ ॥
ভৃত্য বর্গ হয়ে ব্যগ্র সদা আজ্ঞাকারী।
যমদূত তুল্য তাঁর দ্বারে থাকে দ্বারী ॥
কত সুখ হয় তাঁর সুভক্ষ্য ভক্ষণে।
সুখ অনুভব বিমল নয়নে ॥
মুর্খকে করিয়া দান বিদ্যারত্ন ধন।
আনন্দেতে পরিপূর্ণ থাকে তার মন ॥
বিশুদ্ধ না হয় বল যে ধনীর মন।
এসকলে তুষ্ট কিহে হয় তার মন ॥
আঢ্য হয়ে যদি তার বিবেচনা থাকে।
শুন শিশু! তবে "আঢ্য লোক সুখে থাকে,, ॥

।৩।

গুণবান্ সকলের কাছে গণ্য হয়।

গুণীর গুণের কথা কত লিখা যায়।
কত শত গুণী ছিল এই বসুধায় ॥
করাল কৃতান্ত সব করিয়াছে গ্রাস।
রহিয়াছে তাঁহাদের গুণের সুবাস ॥

কালিদাস ভবভূতি যত গুণি গণ।
সকলেই ছিল দেখ ভারত ভূষণ॥
বিক্রম আদিত্য রাজা রাজার প্রধান
বিক্রম যাঁহার ছিল আদিত্য সমান॥
নিজেও ছিলেন তিনি পণ্ডিত প্রবর।
সমধিক করিতেন গুণীর আদর॥
কালিদাস ভবভূতি সুপণ্ডিত যত।
রত্ন নামে তাঁরা সবে ছিলেন বিখ্যাত
ভূপাল কেবল মান্য আপনার দেশে।
গুণবান্ মান্য হন স্বদেশে বিদেশে॥
অতএব শিশুগণ জানিবা নিশ্চয়।
গুণবান্ সকলের কাছে গণ্য হয়॥

সদা সত্য কহা উচিত।

সত্যের মাহাত্ম্য যত লেখে সাধ্য কার
সত্যের মহিমা শিশু জগতে প্রচার॥
ওহে শিশু! চেয়ে দেখ সত্য রক্ষা হেতু
দাতাকর্ণ নাম হয় কেটে বৃষকেতু॥

সত্য পালনার্থ রাম রঘুমণি।
লইয়া বনবাস চলিলা আপনি ॥
সত্যকর্ম্ম সত্যকর সার।
সৌরভেতে ভরিবে সংসার ॥
দশরথ মহামতি পণ্ডিত প্রধান।
সত্যকে আশ্রয় করি ত্যজিলেন প্রাণ ॥
সত্যাশ্রয়ে থাকে নাহি যাতনা যমের।
সদা সত্যকহা উচিত নরের ॥

মিথ্যাকহা বড় দোষ।

গুরু বলিসার, প্রাণান্তেও একবার,
মিথ্যা কথা মুখে না আনিবে।
ধার্ম্মিক হয়, যদি কভু মিথ্যা কয়,
অবশ্যই পাপ ভাগী হবে ॥
যুধিষ্ঠির মহামতি, ধর্ম্মে সদা যার মতি,
ধর্ম্মের নন্দন বলি যাঁরে।
ধার্ম্মিকের অগ্রগণ্য, রাজকুলে মহামান্য,
সত্যপথে শ্রেষ্ঠ বিদিত সংসারে ॥

মিথ্যা বলি একবার, অপরাধ হয় তাঁরে,
বাল বৃদ্ধ সকলেই জানে।
পানতার পরিশোধ, স্বর্গ পথ অবরোধ,
যেতে হয় যমের ভবনে॥
বালক বালিকা কত, মিথ্যা হেতু মানহত,
হইতেছে দেখ দ্বারে দ্বারে।
কাঁদে যদি ঘরে ঘরে, কেহ কি বিশ্বাস করে,
কেউনা জিজ্ঞাসা করে তারে॥
যে বালক মিথ্যা কয়, যদিও পণ্ডিত হয়,
তাতে হয় কাহার সন্তোষ।
শত গুলি গুণ তার, মিথ্যায় করে সংহার,
দেখ "মিথ্যা কহা বড় দোষ,,॥

বিদ্যাধন পরম ধন।

শত মুখী হয় যদি আমার লেখনী।
পারে কিহে বলিবারে বিদ্যার কাহিনী॥
পৃথিবীতে বিদ্যাতুল্য নাহি কোন ধন।
বিদ্যা নাই যার তার বিফল জীবন॥

বিদ্যার সমান আর আছে কোন ধন।
বিদ্যাধন তুল্য নয় রতন কাঞ্চন॥
যেবণিক্ রতন কাঞ্চনে হয় ধনী।
সেকি তারে ধনী বলে বিদ্যায় যে ধনী?
দরিদ্রতা ঘুচেবটে রতন কাঞ্চনে।
মূর্খতা দারিদ্র্য তার ঘুঁচিবে কেমনে॥
অন্য ধনে ভ্রাতৃবর্গ হয় অধিকারী।
বিদ্যাধনে আর কেবা আছে অধিকারী॥
ভাণ্ডারে প্রবেশি চোর চুরি করে ধন।
সাধ্যকার চুরিকরে বিদ্যা রত্ন ধন?
বিদ্যাধন বৃদ্ধিপায় সদা বিতরণে।
তারে উপার্জ্জনে চেষ্টা কর প্রাণ পণে॥
বিদ্যাতেই সদা রত থাকে যেন মন।
বিদ্যার সমান আর নাহি কোনধন॥

পিতা মাতার অবাধ্য হইও না।

পিতা উচ্চহন শিশু আকাশ হইতে।
পিতার সমান কেবা এই পৃথিবীতে॥

পিতাস্বর্গ পিতাধর্ম্ম পিতা ভবগতি।
পিতার চরণে যেন সদা থাকে মতি॥
বাধ্যরবে চিরকাল পিতার নিকটে।
দিবা নিশি স্তুতি তাঁকে কর করপুটে॥
শুন শিশু মন দিয়া মধুর বচন।
যে জননী করেছেন গর্ব্ভেতে ধারণ॥
প্রসবে যে সয়েছেন অসহ্য যাতনা।
ভাবিতেন দিবা নিশি তোমার ভাবনা॥
স্তন্য দানে করেছেন তোমাকে পালন।
এখনও তবহিতে রত যাঁর মন॥
মলিন বদন শিশু হেরিলে তোমার।
দুখেতে বিদীর্ণ হয় হৃদয় যাঁহার॥
যিনি খেতে দেন হেরি ক্ষুধায় কাতর।
তোমার রোগেতে যিনি সতত কাতর॥
হে শিশু! পরম গুরু হন সে জননী।
থাকিবে তাঁহার কাছে করি যোড়পাণি॥
পিতা মাতা হতে গুরু কোথা কার আছে।
নিয়ত থাকিবে বাধ্য তাঁহাদের কাছে॥
সয়েছেন তব হেতু তাঁহারা যাতনা।
শিশু পিতা মাতার অবাধ্য হইওনা॥

সদা ন্যায়পথে চলা উচিত।

সদা ন্যায় পথে চল ওহে শিশুগণ।
কদাপি অন্যায় পথে করোনা ভ্রমণ॥
অন্যায় করিয়া বল সুখ হয় কার?।
যে জন অন্যায় করে করে আপনার॥
ন্যায়ের আশ্রয় শিশু যে বালক লবে।
ধর্ম্মতার ঘরে বাঁধা অবশ্যই রবে॥
ন্যায় পথে না চলিয়া ধার্ম্মিক কে হয়?।
অন্যায় যে করে তার হয় পরাজয়॥
আছিল সিরাজদ্দৌলা বঙ্গ অধিকারী।
অন্যায় করিয়া শীঘ্র গেল যমপুরি॥
এইরূপ কত শত ভূপতির দল।
অন্যায় করিয়া তাঁরা পেল প্রতিফল॥
বালক বালিকাগণ! শুন বলি হিত।
দেখ "সদা ন্যায় পথে চলাই উচিত॥"

অসৎ লোক কদাচ আলপ্য নহে।

অসতের সঙ্গে যদি আলাপ করিবে হে,
আলাপ করিবে।
নিশ্চয় তোমাকে সবে অসাধু ভাবিবে হে,
অসাধু ভাবিবে॥
অসতের সঙ্গ যদি কর এক দিন হে,
কর এক দিন।
কুকর্ম্মেতে মন তব যাবে দিন দিন হে,
যাবে দিন দিন॥
কিছু কাল পরে হবে অসতের শ্রেষ্ঠ হে,
অসতের শ্রেষ্ঠ।
প্রবঞ্চনা শঠতায় হইবে না কষ্ট হে,
হইবে না কষ্ট॥
করিবে কুকর্ম্ম শিশু দিন দিন কত হে,
দিন দিন কত।
সকলের নিকটেতে হবে মান হত হে,
হবে মান হত॥
চুরি করি হবে বেড়ি যুগল চরণে হে,
যুগল চরণে।

তব নাম শুনি লোকে হাত দিবে কাণে হে,
হাত দিবে কাণে ॥
মদ খেয়ে পথে পথে হবে ঢলাঢলি হে,
হবে ঢলাঢলি।
সুবোধ বালক সবে দিবে হাততালি হে,
দিবে হাততালি ॥
সদা করে সাধু লোক অসতের ভয় হে,
অসতের ভয়।
কদাচ অসৎ লোক আলপ্যাই নয় হে,
আলপ্যাই নয় ॥

সভ্যজন সভার ভূষণ।

সভ্য হতে চেষ্টা কর, অসভ্যতা পরিহর,
অসভ্যের আদর কোথায় ?
অভদ্রতা যে আচরে, লোকে তারে নিন্দাকরে,
স্থানে স্থানে অপমান পায় ॥
অসভ্য হইলে পরে, বিজ্ঞতাও যায় দূরে,
সমাদর কেবা করে কবে।

অসভ্য হইলে নরে, সকলে বিদ্রূপ করে,
ব্যবহার দেখি হাসে সবে ॥
বিবাহ শ্রাদ্ধাদি সভা, দেখ ওহে কিবা শোভা
গোল করে সকলে মিলিয়া।
প্রথমেতে বাক্য যুদ্ধ, দ্বিতীয়েতে মল্ল যুদ্ধ
শেষে দেয় কম্বল ঝাড়িয়া ॥
কোথায় সভার শোভা, কোলাহল ময় সভা,
কর্ণ হয় শ্রুতি শক্তি হীন।
সবে হাত দিয়ে কাণে, চলে যায় বাসস্থানে,
সুপণ্ডিত ঘটক কুলিন ॥
সভার সৌন্দর্য্য কোথা, দেখে মনে পায় ব্যথা
শুধু মাত্র অর্থের শোষণ।
কর সব শিশুগণ, সুসভ্যতা আচরণ,
"সভ্য জন সভার ভূষণ ॥

সৎকথা সকলের মনোরম্য হয়।

সদা সৎ কথা কবে শুন শিশুগণ।
অসৎ কথাতে কভু নাহি দিবে মন ॥

সদালাপে কুপ্রবৃত্তি সব দূরে যায়।
চিত্ত বৃত্তি মন্দ হয় অসৎ কথায়॥
যদি শিশু কর সদা অসৎ আলাপ।
অবশ্যই তব মনে প্রবেশিবে পাপ॥
যত বড় সাধু কেন না হওহে তুমি।
অসৎ কথাতে নষ্ট হবে চিত্ত ভূমি॥
কহিলে সাধুর স্থানে অসৎ কথন।
অবশ্য অসভ্য বলি করিবে তাড়ন॥
অসৎ কথাতে কার মন ভাল হয়।
"সৎ কথা সকলের মনোরম্য হয়"॥

ন্যায্যকথা বলিতে ভয় কি?।

রাজা যদি মন্দ করে, যথার্থ বলিবে তাঁরে,
না করিবে ভয় কদাচন।
থাকিলে তাঁহার জ্ঞান, ভবিষ্যতে সাবধান,
হবে শুনি তোমার বচন॥
যদ্যপি আত্মীয়গণ, কোন দোষে দোষী হন,
মুক্তকণ্ঠে প্রকাশ করিবে।

শুন বলি লোকে কয়, "পিতা যদি দোষী হয়,
তাঁহাকেও যথার্থ কহিবে" ॥
দোষ গুণ দেখি শুনি, বলিবে যথার্থ বাণি,
রাখিবে না গোপন করিয়া।
লোক নিন্দা হবে বলি, শিরে নিবে পাপডালি,
সত্য কথা গোপনে রাখিয়া ?॥
ব্রাহ্মণ পণ্ডিত যাঁরা, রাজদ্বারে যেয়ে তাঁরা,
যথার্থ বলিতে ভয় করে।
মনে মনে তাঁরা জানে, মহা পাপ সাক্ষ্যদানে,
কেহ কেহ বলে সকাতরে ॥
দেখ শিশু! কি কুরীতি, যথার্থ বলিতে ভীতি,
আছে কোথা ছাড়া বঙ্গভূমি ?।
যদি কেহ সাক্ষীমানে, বলিবেহে প্রাণপণে,
যতদূর সত্য জান তুমি ॥
যে বালক সত্যবাদী, সত্য কবে নিরবধি,
তাহাতে আর পাপ হয় কি ?
অতএব বলি হিত, কবে সদা যথোচিত,
"ন্যায্য কথা বলিতে ভয় কি" ?॥

বাল্যকাল শিক্ষার সময়।

সময় অমূল্য ধন, শুন বলি শিশুগণ,
বৃথা ব্যয় করিওনা তারে।
কাল যদি বৃথা যাবে, তবে কি মঙ্গল হবে ?,
আর কি পাইবে কভু তারে ?॥
যদি কাল চলে যায়, কদাপি পাবেনা তায়,
পরিশ্রম করি দিবানিশি।
সেকাল কি পাবে আর, করিয়াছ ক্ষয় যার,
সদাকাল মাতৃ ক্রোড়ে বসি॥
দিন দিন করি কত, গিছে দিন শত শত,
চেয়ে দেখ ওহে শিশুগণ!।
তাই বলি বার বার, বৃথা না করিও আর,
মহা মুল্য কালের কর্ত্তন॥
নাশিখিলে বাল্যকালে, কিহবে যৌবনকালে,
শিক্ষা বিনা সুখ কিহে হয় ?।
মিলি সব শিশুগণে, শিক্ষাকর প্রাণ পণে,
"বাল্যকাল শিক্ষার সময়,,॥

দিব্যকরা বড় দোষ।

বালক বালিকাগণ, শুন হয়ে একমন,
উপদেশ বচন আমার।
দিব্যকরি কেবা করে, মান্য হয় এইভবে,
অপমান হয় সদা তার॥
যারেনা প্রত্যয় করে, সেই সদা দিব্য করে,
দিব্য করি কিবা ফল হয়।
দিব্যকরে যে সকলে, তারাইত মিথ্যা বলে,
মিথ্যাবাদী প্রতারক হয়॥
যদি হয় শিশুগণ, প্রতারণা পরায়ণ,
তার বাক্যে প্রত্যয় কেকরে।
করিবে অন্যে বিশ্বাস, মনেকরি এআশ্বাস,
কথায় কথায় দিব্য করে॥
একদিন দুইদিন, কিবা শিশু! তিন দিন,
দিব্যে বটে হয় হে প্রত্যয়।
এইরূপ বার বার, দিব্য যদি করে আর,
তবে তারে কেকরে প্রত্যয়?॥
বিদ্বান হইলে পরে, সেও যদি দিব্য করে,
লোকে ঘৃণা করে পুন পুন।

অতএব বাক্যধর, দিব্যা করা পরিহর,
"দিব্য করা বড় দোষ,, শুন॥

সুশীল হওয়া অতি আবশ্যক।

দুঃশীল হইলে দেখ কেকরে আদর।
দুঃশীল সকল স্থানে হয় অনাদর॥
পিতা মাতা ভাই বন্ধু জ্ঞাতি আদি যাঁরা।
দুঃশীলের ব্যবহারে রুষ্ট হয় তাঁরা॥
যেশিশু দুঃশীল হয় কোথাতার সুখ।
অবশ্যই সেবালক ভোগে সদা দুখ॥
দুঃশীল যদ্যপি কভু বিপদেতে পড়ে।
প্রাণান্তে কি কেহতার উপকার করে?॥
সুশীল হইলে তারে ভাল বাসে সবে।
সর্ব্বস্থানে গেলেতার সমাদর হবে॥
সর্ব্বদাই সুখে থাকে সুশীল বালক।
শিশু। "সুশীল হওয়া অতি আবশ্যক,,॥

কটুভাষী হওয়া বড় দূষ্য।

শিশুগণ! কটুভাষী হবেনা কখন।
কটুভাষী মহাদোষী জানে সর্ব্ব জন॥
যে বালক কটুকথা করে ব্যবহার।
স্থানে স্থানে অপমান হয় হে তাহার॥
যদ্যপি কাহাকে কেহ কহে কটু কথা।
তাহা হতে সেও তবে শুনে কটুকথা॥
পরে কৈলে কটুকথা হয় যদি দুখ।
সুমিষ্ট করহ তবে আপনার মুখ॥
কটুভাষী হলে পরে কেকরে আদর?।
মুগ্ধ হয় কারমন শুনি কাক-স্বর?॥
সুমধুর স্বর হেতু কোকিলেরা পোষ্য।
হে শিশু! কটুভাষী হওয়া বড় দূষ্য॥

আলস্য অশেষ দোষের আকর।

অলসতা সকল দোষের মুল হয়।
সর্ব্বদা করিবে শিশু অলসতা ক্ষয়॥

অলসতা পরিহারে থাকে যেন মন।
আলস্যকে দেহে স্থান দিওনা কখন॥
অলসতা যদি দেহে প্রবেশ করিবে।
ওহে শিশুগণ তবে মহা দোষী হবে।
হয়ে রবে চিরকাল আলস্যের দাস।
হবে মহা পরিশ্রম ছাড়িতে নিশ্বাস॥
পরিশ্রম বিনা কার হইয়াছে সুখ?।
পরিশ্রম বিমুখের সর্ব্বদাই দুখ॥
অলস হইয়া কিহে হয় ধন বান্?।
অলস হইয়া কিহে হয় সুবিদ্বান্?॥
অলস হইলে হয় মূর্খের প্রধান।
পণ্ডিত সমাজ মাঝে পায় অপমান॥
কোন দোষ না করিতে পারে মূর্খতায়?।
চেয়ে দেখ আলস্যতে কি দোষ ঘটায়॥
অতএব অলসতা পরিত্যাগ কর।
শিশু! "আলস্য অশেষ, দোষের আকর,,

কাপুরুষেরাই অপমান সহ্য করে

শুন শিশু অপমান সহ্য হয় কার।
যে পুরুষ বশীভূত সদা মূর্খতার॥
মানী ব্যক্তি কভু কিহে সহে অপমান।
মান হেতু পরিত্যাগ করে তাঁরা প্রাণ॥
দৃষ্টান্ত তাহার দেখ ওহে শিশুগণ!।
ভীমসিংহ রাজা ছিল ক্ষত্রিয় নন্দন॥
আছিল তাঁহার এক রমনী পদ্মিনী।
নারী কুলে অগ্রগণ্যা ভুবন মোহিনী॥
পদ্মিনীর কথা শুনি দিল্লীর ঈশ্বর।
তাঁহারে লইতে এল চিতোর নগর॥
অপমান মনে ভাবি ভীমসিংহ রাজ।
যুদ্ধ হেতু পশিলেন সমর সমাজ॥
বাদসা সহিতে তাঁর হয় ঘোর রণ।
সবংশেতে যান ভীম শমন ভবন॥
ভীমের মরণ দেখি সেপদ্মিনী সতী।
অমনি অনলে দেন জীবন আহুতি॥

অপমান হবে বলি দেখ শিশুগণ!।
একনারী হেতু কত ক্ষত্রিয় নিধন ॥
বল অপমান সহ্য হয় কি হে তার।
শরীরে বিরাজ করে পুরুষত্ব যার ॥
আর কেবা অপমান দেখ সহ্য করে।
"কাপুরুষেরাই অপমান সহ্য করে" ॥

অন্যকে লক্ষ্য করিয়া হাস্য করিও না।

হাসিবার কত কাজ করেছ আপনি হে,
করেছ আপনি।
বারেক দেখহ তাহা মনে মনে গণি হে,
মনে মনে গণি ॥
শিশুগণ! মনে মনে এই কর সার হে,
এই কর সার।
লোকে হাসিবার কাজ করিবনা আর হে,
করিবনা আর ॥

হাসিবার কোন কাজ অন্যে যদি করে হে,
অন্যে যদিকরে।
বিদ্রূপ করিয়া কিছু বলিওনা তারে হে,
বলিওনা তারে॥
বিদ্রূপেতে তার হবে অসহ্য যাতনা হে,
অসহ্য যাতনা।
"অন্যকে লক্ষ্য করিয়া হাস্য করিওনা" হে,
হাস্য করিওনা॥

পরমেশ্বরকে ভজনা কর।

শিশু হে।
একমাত্র এসংসারে সার বলি তাঁহারে।
তিনি সকলের বন্ধু, তিনি হন কৃপাসিন্ধু,
দান করি কৃপা বিন্দু, যে সৃজিল সবারে,
ভাব সবে এক মনে দিবানিশি তাঁহারে॥
শিশু হে।
একমাত্র এসংসারে সার বলি তাঁহারে।
চন্দ্র সূর্য্য গ্রহগণ, অগণন তারাগণ,
সতত করি ভ্রমণ, সেবা করে যাঁহারে,

ভাব সবে একমনে দিবানিশি তাঁহারে ॥

শিশু হে!

একমাত্র এসংসারে সার বলি তাঁহারে।
দেখ কিবা মনোহর, সিন্ধু নদী সরোবর,
করি কল কল স্বর, স্তবকরে যাঁহারে,
ভাব সবে এক মনে দিবানিশি তাঁহারে ॥

শিশু হে!

একমাত্র এসংসারে সার বলি তাঁহারে।
চেয়ে দেখ বৃক্ষ যত, সবে হয়ে বাতাহত,
করি সদা শির নত, প্রণমিছে যাঁহারে,
ভাব সবে একমনে দিবানিশি তাঁহারে।

শিশু হে!

একমাত্র এসংসারে সার বলি তাঁহারে।
বকুলাদি বৃক্ষাবলি, হয়ে সবে কৌতূহলী,
সুখে দিয়ে পুষ্পাঞ্জলি, পূজা করে যাঁহারে,
ভাব সবে একমনে দিবানিশি তাঁহারে ॥

শিশু হে।

একমাত্র এসংসারে সার বলি তাঁহারে।
সুশোভন মেঘদল, জল ভরে টল মল,

হয়ে সবে সচঞ্চল, ডাকিতেছে যাঁহারে,
ভাব সবে একমনে দিবানিশি তাঁহারে ॥
হে !
একমাত্র এসংসারে সার বলি তাঁহারে !
পিক শিখি শুকসারী, ডালে বসি সারি২,
সুমধুর স্বর ছাড়ি, স্তুতি করে যাঁহারে,
ভাব সবে একমনে দিবানিশি তাঁহারে ॥
হে !
একমাত্র এসংসারে সার বলি তাঁহারে !
অতি উচ্চ মহীধর, সবে হয়ে স্থিরতর,
চেয়ে দেখ নিরন্তর, ধ্যান করে যাঁহারে,
ভাব সবে একমনে দিবানিশি তাঁহারে ॥
হে !
একমাত্র এসংসারে সার বলি তাঁহারে।
সুবিমল সমীরণ, ভ্রমিয়া পুষ্পের বন,
গন্ধকরি বিতরণ, ভাবিতেছে যাঁহারে,
ভাব সবে একমনে দিবানিশি তাঁহারে ॥
হে !
একমাত্র এসংসারে সার বলি তাঁহারে।
যে অগ্নি সকল নাশে, সে অনল মহাত্রাসে,

াই ঊর্দ্ধশ্বাসে, দেখ ভজে যাঁহা
সবে একমনে দিবানিশি তাঁহারে
!
মাত্র এসংসারে সার বলি তাঁহারে
শত যোগি ঋষি, হয়ে সব বনবা
ব তাঁরা দিবানিশি, পায় নাই যাঁ
সবে একমনে দিবানিশি তাঁহারে।
!
মাত্র এসংসারে সার বলি তাঁহারে।
সয়া ভব ভবনে, নিরন্তর প্রাণপণে,
সব ধনজনে, চেন নাই যাঁহারে
সবে একমনে দিবানিশি তাঁহারে

বিজ্ঞাপন।

অধুনা পুরাতন যে সকল পুস্তক মুদ্রিত হই-
য়াছে তাহা দেখিয়া আমিও সাহস পূর্ব্বক
এই পঞ্চাঙ্গং সার্থ প্রকাশে মুদ্রিত করিলাম। ই
হার প্রতি পদার্থ স্থলেই পরমার্থ বিষয় প্রকা
শিত হইয়াছে। সহসা অধ্যয়ন করিলে যদি
দুর্ব্বোধ হয় তথাপি মনঃসংযোগ করিয়া প
র্য্যালোচনা করিলেই সেই পারমার্থিক মাধুর্য্য অ
নুভূত হইবেক সন্দেহ নাই। বিশেষতঃ যে সকল
শব্দ এই পুস্তকে ব্যবহৃত হইয়াছে তাহার অর্থ
বোধ সৌকর্য্যার্থে ঐ সমস্ত শব্দেরই অভিধান
সংকলিত করিয়া পুস্তকের শেষভাগে মুদ্রিত হইল
এক্ষণে আপামর সাধারণে ইহার এক এক খানি
পুস্তক গ্রহণ পূর্ব্বক পাঠ করিলেই শ্রম সফল জ্ঞান
করিব; অলমতিবিস্তরেণ।

তাং ১৫ শ্রাবণ
সন ১২৫২। শ্রীযাদবচন্দ্র ঘোষাল।